

## চলতি বছর ২০০০ কেবিন ক্রু নিচ্ছে ইতিহাদ

- A Monitor Desk Report

Date: 03 June, 2024



আবুধাবি: চলতি বছর দুই ধাপে ২ হাজার কেবিন ক্রু নিচ্ছে ইতিহাদ এয়ারওয়েজ। এর মধ্যে অর্ধেক নিয়োগ সম্পন্ন হয়েছে। বাকি এক হাজার কর্মী নেয়া হবে বছর শেষ হওয়ার আগেই। এভিয়েশন খাত সম্প্রসারণের অংশ হিসেবে জনবল বাড়াচ্ছে আবুধাবিভিত্তিক সংস্থাটি।

গত এপ্রিলে ওয়ার্ল্ড ট্রাভেল অ্যাওয়ার্ডসের মধ্যপ্রাচ্য সংস্করণে 'লিডিং কেবিন ক্রু ২০২৪' খেতাব পেয়েছে ইতিহাদ। ১১২টি জাতীয়তার কর্মী নিয়ে গঠিত ইতিহাদের কেবিন ক্রু টিমের জন্য রয়েছে বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধা। উচ্চ বেতনের পাশাপাশি বাসস্থান, চিকিৎসা বীমা ও অন্যান্য ভাতার সঙ্গে থাকছে ডাইনিং, কেনাকাটা, অবকাশ যাপনসহ বিস্তৃত পরিসরে ডিসকাউন্ট।

-B